

3 (Sem-2) BEN MIL

2 0 1 6

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) 'স্মৃতি' গল্পে স্টেশনমাস্টারের দেশ কোথায় ছিল ?
- (খ) নিমগাছের দিকে খানিকক্ষণ তাকিয়ে কে চলে গেল ?
- (গ) বৈশাখী পূর্ণিমা উৎসবে মুখুজ্জদের বাড়িতে কোন্ নাটক অভিনীত হয়েছিল ?
- (ঘ) "ব্রজেশ্বর শিহরিল—মাথায় করাঘাত করিল। বলিল 'তিনিই কি গোইন্দা?' " 'গোইন্দা' কে ?
- (ঙ) উত্তরবঙ্গের কোন্ রাজার ধন কৃষ্ণগোবিন্দ পেয়েছিলেন ?
- (চ) ভবানীঠাকুরের কাছে প্রফুল্ল কত বছর অধ্যয়ন করেছিল ?
- (ছ) ব্রজেশ্বরের বজরা আক্রমণ করে তাঁকে দেবীরানির কাছে কে নিয়ে গিয়েছিলেন ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

২×৪=৮

- (ক) “অসভ্যতা তাকে দেখিলেই তাড়া করিত।” “অসভ্যতা” কে? সে কাকে তাড়া করত?
- (খ) “কি হচ্ছে এখানে মিঞাসাহেব।” এখানে ‘মিঞাসাহেব’ বলে কাকে সম্বোধন করা হয়েছে? তিনি কী করছিলেন?
- (গ) “স্ত্রী বলিয়া স্বীকার না কর, দাসী বলিয়া মনে রাখিও।” কে, কাকে একথা বলেছেন?
- (ঘ) “ভবানীঠাকুর অঙ্গীকার মত দুইজন স্ত্রীলোক পাঠাইয়া দিলেন।” এই দুজন স্ত্রীলোক কে কে?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

- (ক) ‘বুধনী’ গল্প অবলম্বনে হাজারীবাগের পার্বত্য প্রদেশে প্রচলিত বিবাহ প্রথাটির বিষয়ে লেখো।
- (খ) ‘তাজমহল’ গল্প অবলম্বনে ফকির শা-জাহানের অকৃত্রিম প্রেমিক হৃদয়ের যে কোনো একটি চিত্র অঙ্কন করো।
- (গ) ‘স্মৃতি’ গল্পে স্টেশনমাস্টারের ‘চায়ের সদরত’ ব্যাপারটি কী, লেখো।
- (ঘ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে রঙ্গরাজের ভূমিকা সংক্ষেপে ব্যক্ত করো।
- (ঙ) “প্রফুল্ল এ সর্বনাশের কথা কিছুই জানিতে পারে নাই।” প্রসঙ্গ উল্লেখ করে প্রফুল্লের সর্বনাশের বিষয়ে লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের হরবল্লভ চরিত্রটি বিশ্লেষণ করো।

অথবা

- (খ) “হরবল্লভের গৃহিণীর উপস্থিতিতে একটি সম্পন্ন বাঙালী পরিবারের অন্তঃপুর একান্ত জীবন্ত হয়ে উঠেছে।” ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের গৃহিণী চরিত্র বিশ্লেষণ করে উক্তিটির সারবত্তা প্রমাণ করো।
- (গ) “বনফুলের ছোটগল্পে মানবজীবনের বহুক্রপী রূপটিই বিচিত্রভাবে ধরা দিয়েছে।” তোমার পাঠ্য যে কোনো একটি গল্প অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ করো।

অথবা

- (ঘ) ‘জাগ্রত দেবতা’ গল্পে বনফুল কীভাবে অন্ধভক্তি ও কুসংস্কারাচ্ছন্ন গ্রাম-সমাজকে ফুটিয়ে তুলেছেন তা আলোচনা করো।
- (ঙ) উপন্যাসের নাম ‘দেবী চৌধুরাণী’ হলেও এ-কাহিনির নায়িকা প্রফুল্ল দেবী চৌধুরাণীতে রূপান্তরিত হয়েছিল কার্যকারণের ভিত্তিতে, ঘটনা ও অবস্থার পরিপ্রেক্ষিতে, অন্তর্নিহিত প্রবণতায় নয়। আলোচনা করো।

অথবা

- (চ) বনফুলের জীবনচৈতন্যে প্রাকৃতিক প্রাণীলার ছবি কীভাবে ধরা পড়েছে তা ‘বুধনী’ গল্প বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।
